

ইসলামিক প্রজাতন্ত্র ইরানের প্রেসিডেন্টের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

24শে আগস্ট, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১৫তম ব্রিক্‌স শীর্ষ সম্মেলনের ফাঁকে ২৪শে আগস্ট ২০২৩ এ জোহানেসবার্গে ইসলামিক প্রজাতন্ত্র ইরানের রাষ্ট্রপতি মহামান্য ডঃ সাইয়েদ ইব্রাহিম রাইসির সঙ্গে সাক্ষাৎ করেন।

দুই দেশের নেতাই বাণিজ্য ও বিনিয়োগ, যোগাযোগ, জ্বালানি ও সন্ত্রাসবাদ মোকাবেলাসহ বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষীয় সহযোগিতা জোরদারের উপায় নিয়ে আলোচনা করেন। উভয় পক্ষই চাবাহার প্রকল্প সহ অবকাঠামোগত সহযোগিতা দ্রুত গতিতে করতে সম্মত হয়েছে। নেতৃবৃন্দ আফগানিস্তানসহ আঞ্চলিক উন্নয়ন নিয়ে মতবিনিময় করেন।

৩. ব্রিকস পরিবারে যোগ দেওয়ার জন্য রাষ্ট্রপতি রাইসিকে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী।

৪. রাষ্ট্রপতি রাইসি চন্দ্রযান মিশনের সাফল্যের জন্য প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান এবং ইরানের ব্রিকস সদস্যপদের জন্য ভারতের সমর্থনের জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান।

জোহানেসবার্গ

24 শে আগস্ট, 2023